# বেসরকারি খাতের উন্নয়নে ব্যবসায়ীদের সঙ্গে প্রধানমন্ত্রীর বৈঠক




ছবি: সংগৃহীত

দেশের বেসরকারি খাতের বর্তমান পরিস্থিতি, শিল্পোন্নয়ন এবং বিনিয়োগ পরিবেশ নিয়ে শীর্ষস্থানীয় ব্যবসায়ীদের সঙ্গে বৈঠক করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান।

শনিবার (১ আগস্ট) সকালে প্রধানমন্ত্রীর কার্যালয়ে অনুষ্ঠিত এ বৈঠকে শিল্প ও বাণিজ্য খাতের বিভিন্ন চ্যালেঞ্জ, জ্বালানি সংকট এবং সম্ভাব্য সমাধান নিয়ে ব্যবসায়ীদের মতামত নেন প্রধানমন্ত্রী।

বৈঠকে বন্ধ শিল্পকারখানা পুনরায় চালু করে নতুন কর্মসংস্থান সৃষ্টির উপায় নিয়েও আলোচনা হয়। এ ক্ষেত্রে সরকারের সঙ্গে সমন্বয় করে কার্যকর উদ্যোগ গ্রহণে ব্যবসায়ীদের সহযোগিতা কামনা করেন সরকারপ্রধান।

ব্যবসায়ী নেতারা শিল্প খাতকে গতিশীল করতে আর্থিক প্রণোদনা, জ্বালানি সরবরাহে প্রয়োজনীয় সহায়তা এবং বেসরকারি খাতের জন্য সহজ ও কার্যকর আইনি কাঠামো নিশ্চিত করার আহ্বান জানান। পাশাপাশি ব্যবসা পরিচালনায় অপ্রয়োজনীয় হয়রানি বন্ধ করে আরও বিনিয়োগবান্ধব পরিবেশ তৈরির ওপর গুরুত্বারোপ করেন তারা।

বৈঠকে যমুনা গ্রুপের ব্যবস্থাপনা পরিচালকসহ দেশের বিভিন্ন শীর্ষ শিল্প ও ব্যবসায়িক প্রতিষ্ঠানের প্রতিনিধিরা অংশ নেন।